



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি ২০১৯

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০

www.modmr.gov.bd

৭.৩ ক্লাস্টার পদ্ধতিতে মানবিক সাড়াদান কার্যক্রম সমন্বয়

দুর্যোগে সাড়াদানে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের নেতৃত্বে ক্লাস্টার পদ্ধতিতে মানবিক সহায়তা-কার্যক্রম পরিচালনা করা হবে। এক্ষেত্রে নির্দিষ্ট ক্লাস্টারের সঙ্গে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ লিড এজেন্সি ও মানবিক সহায়তা-কার্যক্রমে সম্পৃক্ত বেসরকারি/ইউএন সংস্থা সহায়ক সংস্থা হিসেবে কাজ করবে। ক্লাস্টারে সংশ্লিষ্ট সহায়ক সংস্থাসমূহের তালিকা নিয়মিত হালনাগাদ করে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে অবহিত করবে।

ক্লাস্টারের প্রধান কার্যক্রমের মধ্যে রয়েছে: সেবা প্রদানে সহায়তা, মানবিক সাড়াদান কার্যক্রমের কৌশলগত সিদ্ধান্ত গ্রহণ, পরিকল্পনা ও বাস্তবায়ন কৌশল প্রণয়ন, অ্যাডভোকেসি, পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনায় সক্ষমতা বৃদ্ধি।

(ক) দ্রুত পুনরুদ্ধার ও আশ্রয় ক্লাস্টার

- (১) বিভিন্ন মন্ত্রণালয় ও অধিদপ্তরের দ্রুত পুনরুদ্ধার পরিকল্পনা প্রণয়নে সহায়তা প্রদান;
- (২) পুনরুদ্ধার চাহিদা নিরূপণ করা;
- (৩) আশ্রয়কেন্দ্র সহযোগিতা নির্দেশিকা প্রণয়নে সহায়তা প্রদান।

(খ) খাদ্যনিরাপত্তা ও পুষ্টি (FSN) ক্লাস্টার

- (১) শিশু ও গর্ভবতী নারীসহ বিভিন্ন বয়সের গ্রুপের খাদ্য ও পুষ্টি চাহিদার পরিপ্রেক্ষিতে খাদ্যসহায়তা প্যাকেজ তৈরিতে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও অন্যান্য মন্ত্রণালয়/বিভাগকে সহায়তা প্রদান;
- (২) SPHERE Standard অনুযায়ী বিভিন্ন গ্রুপের ফুড প্যাকেজ তৈরিতে সহায়তা প্রদান;
- (৩) এ ক্লাস্টারের আওতাধীন সরকারি ও বেসরকারি সংস্থার সক্ষমতা বৃদ্ধি করা।

(গ) স্বাস্থ্য ক্লাস্টার

- (১) দুর্যোগকালে জরুরি স্বাস্থ্যসেবা প্রদানে প্রয়োজনীয়-সংখ্যক মেডিক্যাল টিম গঠন ও অস্থায়ী স্বাস্থ্যকেন্দ্র স্থাপন;
- (২) দুর্যোগে জরুরি স্বাস্থ্যসেবা প্রদানের ব্যাপারে চিকিৎসক, প্যারামেডিকস, নার্স ও মিডওয়াইফ কর্মীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থাকরণ;
- (৩) দুর্যোগোত্তর সম্ভাব্য মহামারি প্রতিরোধমূলক ব্যবস্থা ও চিকিৎসা প্রস্তুতি গ্রহণ;
- (৪) ট্রমা ম্যানেজমেন্ট, হাইজিন ও প্রজনন স্বাস্থ্যসেবা এবং মহামারি প্রতিরোধে স্বাস্থ্য অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধি করা।

স্বাস্থ্য ক্লাস্টারের সাব-ক্লাস্টার হিসেবে দুর্যোগে/জরুরি অবস্থায় যৌন ও প্রজনন স্বাস্থ্য (SRHE) ক্লাস্টার নিম্নলিখিত দায়িত্ব পালন করবে:

- (১) দুর্যোগে/জরুরি অবস্থায় যৌন ও প্রজনন স্বাস্থ্যজনিত ঝুঁকি চিহ্নিত করা এবং তা প্রতিরোধে আপদকালীন পরিকল্পনা তৈরিসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সুপারিশ প্রদান;
- (২) যৌন ও প্রজনন স্বাস্থ্য সুরক্ষা নীতিমালা/নির্দেশিকা প্রণয়ন ও তা বাস্তবায়নে সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি অংশীজনের সঙ্গে অ্যাডভোকেসি করা;
- (৩) এসআরএইচই-সংক্রান্ত মিনিমাল ইনিশিয়াল সার্ভিস প্যাকেজ (MISP) তৈরি এবং তা বাস্তবায়নে সক্ষমতা বৃদ্ধি;
- (৪) স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিতে এই বিষয়ে ফোকাল পয়েন্ট নির্বাচনে সহায়তা প্রদান।

(ঘ) ওয়াশ ক্লাস্টার

- (১) আশ্রয়কেন্দ্র ও দুর্যোগকবলিত এলাকায় নিরাপদ পানি সরবরাহ ও পয়োনিষ্কাশনের ব্যবস্থা গ্রহণ;
- (২) ওয়াশ, হাইজিন কিটসহ তরুণ-তরুণীদের জন্য প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা প্রদানে সহযোগিতা প্রদান;
- (৩) ওয়াশ ইমার্জেন্সি নির্দেশিকা প্রণয়নে জাতীয় ও স্থানীয় পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির অংশগ্রহণ নিশ্চিত করা।